

ঢাকায় আলিয়া মাদরাসায় দফায় দফায় সংঘর্ষ, আহত ৭

অনলাইন ডেক্স



ছবি : ভিডিও থেকে নেওয়া

রাজধানীর বকশীবাজারে আলিয়া মাদরাসায়
শিক্ষার্থীদের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-
পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। সংঘাতে সাতজন
আহত হয়ে ঢাকা মেডিক্যাল কলেজ
হাসপাতালে চিকিৎসাধীন।

শনিবার (২২ নভেম্বর) রাত ১০টায় এই সংঘর্ষের
ঘটনা ঘটে। আধাঘণ্টা পর সেনা সদস্যরা
মাদরাসা ক্যাম্পাসে অবস্থান নেন।

রাত সাড়ে ১২টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত
বহিরাগতদের খুঁজে বের করার পাশাপাশি

ব্যাপক তল্লাশি কার্যক্রম চলছে।

আহত সাত ছাত্র হলেন সাদিক, মইন, ইলিয়াস,
ওমর ফারুক, আবু বক্র, ওয়ালিদ ও এনামুল।
চকবাজার থানার এসআই মামুনুর রশিদ
বিষয়টি নিশ্চিত করে জানান, রাত ১০টার পর
তাঁরা হাসপাতালে ভর্তি হয়েছেন। সবার মাথায়
আঘাতের চিহ্ন আছে।

শিক্ষার্থীদের এক পক্ষের দাবি, মাদরাসায়
আয়োজিত দোয়া মাহফিলের কারণে অধ্যক্ষের
অনুমতি ছাড়াই ক্যাম্পাসের ক্যান্টিন বন্ধ করে
দেওয়া হয়। এ ছাড়া রাস্তাও বন্ধ হয়ে যায়।
আগামী মঙ্গলবার ফার্জিল পরীক্ষা অনুষ্ঠিত
হবে। লেখাপড়া বিন্নিত হওয়ার পাশাপাশি
ক্যান্টিন বন্ধ থাকায় খাওয়া নিয়ে সমস্যায়
পড়তে হয়।

অন্যদিকে মাহফিল আয়োজনের নামে কিছু
শিক্ষার্থী কারা অধিদপ্তর থেকে রড ও টিন চুরি
করে নিয়ে আসেন। এসব বিষয় অধ্যক্ষকে
জানালে অন্য পক্ষ ক্ষিপ্ত হয়ে হামলা করে। এক
পর্যায়ে তারা বহিরাগত নিয়ে এসে অভিযোগ

করা শিক্ষার্থীদের ওপর ইটপাটকেল ছুড়তে

থাকে।

পরে পুলিশ ও সেনা সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে

আনেন। চকবাজার থানার পরিদর্শক (তদন্ত)

আবুল খায়ের বলেন, বর্তমানে সেখানে

নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে।